

- ১। পরের বাপকে বাবা ডাকিলে রসাতলে যাবা
ডাক' আপন বাপকে বাবা বলে,
তা'তে অকূলে কুল পাবা ৩ ॥
- ২। অন্য জাতি ইষ্ট করে মিষ্ট রস কি পাবা
তারা রসগোল্লার রস খাইয়ে,
শেষে তোদের খাওয়ায় ছাবা ৩ ॥
- ৩। গুরু শিষ্য একই আত্মা সঙ্গে বসে খাবা ।
ছোয় না যে গুরুতে ঘৃণা করে ভেবেছিস্
তার না'য় কি পার হবা ৩ ॥
- ৪। অভয় বলে এমন শুভদিন কি তোমরা পাবা ।
ডাক সবে মিলে বহু তুলে হরিচাঁদকে রাত্র-দিবা ॥
(গুরুচাঁদকে রাত্র-দিবা)
—অভয়চরণ কবিরাজ



১১২ নং

তাল—গড়খেমটা

- ঠাকুর এলো' মোদের ঘরে ।
জাগ, জাগ, উঠে দেখ, রইলি কেন ঘুমের ঘোরে ॥
- ১। রাম কৃষ্ণ গৌর অবতারে, উচ্চবর্ণের ভিতরে,
ঘটে উন্নতি অনেক প্রকারে, জাতির ইতিহাস বিচারে ।
এই পতিত জাতির প্রতি কারও লক্ষ্য ছিল নারে,
কত লাঞ্ছিত দলিত হ'য়ে ধরা সিক্ত কর্ত অশ্রুধারে ॥